

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-৪ শাখা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০২৯.১৮

তারিখঃ .০৬.২০২০ খ্রিঃ

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালের জন্য ২য় ফেইজে রাজস্ব খাতে অস্থায়ীভাবে পদ সৃজন।

আদিষ্ট হয়ে শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালের জন্য ২য় ফেইজে ক্যাডার বহির্ভূত বিভিন্ন ক্যাটাগরীর নিম্নবর্ণিত ২০টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

| ক্রঃ<br>নং | পদের নাম   | পদ<br>সংখ্যা | জাতীয় বেতন<br>স্কেল/২০১৫     | যোগ্যতা ও অভিজ্ঞতা   |
|------------|--|--------------|-------------------------------|--|
| ১          | ২  | ৩            | ৪                             | ৫  |
| ১          | হিসাব রক্ষক  | ০১           | টা: ১০২০০-২৪৬৮০<br>(গ্রেড-১৪) | ৬৭% সরাসরি নিয়োগঃ<br>(ক) সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে<br>স্নাতক/সমমানের ডিগ্রী এবং<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ<br>পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ<br>৩৩% পদোন্নতির মাধ্যমেঃ<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/হিসাব সহকারী পদে<br>ন্যূনতম ৬ (ছয়) বছরের চাকরি। |
| ২          | মেডিকেল<br>টেকনোলজিস্ট<br>(রেডিওলজি-২, ফার্মেসি-<br>১, ল্যাবরেটরি-৩) | ৬            | টা: ১২৫০০-৩০২৩০<br>(গ্রেড-১১) | সরাসরি নিয়োগঃ সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি পাসের পর সরকার<br>স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে<br>৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা।   |
| ৩          | স্টেরিলাইজার কাম<br>মেকানিক  | ০১           | টা: ৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬)  | সরাসরি নিয়োগের যোগ্যতা:<br>(সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের<br>পরীক্ষায় উত্তীর্ণসহ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল বিষয়ে ট্রেডকোর্স থাকতে<br>হবে।   |
| ৪          | রিসিপশনিষ্ট  | ০১           | টা: ৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬)  | সরাসরি নিয়োগের যোগ্যতা:<br>(সরকার স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের<br>পরীক্ষায় উত্তীর্ণ।  |
| ৫          | লিফট ম্যান   | ০৫           | টা: ৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০)  | সরাসরি নিয়োগের যোগ্যতা:<br>(ক) অষ্টম শ্রেণী পাস।<br>(খ) সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা<br>থাকতে হবে।  |
| ৬          | ওয়্যার ম্যান  | ০১           | টা: ৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০)  | সরাসরি নিয়োগের যোগ্যতা:<br>সরকার স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের<br>পরীক্ষায় উত্তীর্ণ।   |
| ৭          | জমাদ্দার   | ০৩           | টা: ৮৫০০-২০৫৭০<br>(গ্রেড-১৯)  | সরাসরি নিয়োগের যোগ্যতা:<br>সরকার স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের<br>পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সরকার কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>অফিস সহায়ক পদে ন্যূনপক্ষে ৫ (পাঁচ) বছরের চাকরি।  |

|   |                  |    |                              |  |
|---|------------------|----|------------------------------|--|
| ৮ | স্টেচার বেয়ারার | ০২ | টা: ৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | সরাসরি নিয়োগের যোগ্যতা:<br>সরকার স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায়<br>উত্তীর্ণ। |
|   | মোট=             | ২০ |                              |  |

৩। উপরের ছকের ৪ নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা সাপেক্ষে কার্যকর হবে।

৪। এ পদ সৃষ্টিতে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮.০৩.২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৭-৫৩ নং প্রজ্ঞাপন মূলে পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ এবং জনবল নিয়োগ পদ্ধতি (রাজস্ব) প্রভৃতি সমজাতীয় কাজ কে আরও সহজতর করার লক্ষ্যে গঠিত কমিটির ১০.০১.২০১৮ তারিখের সভার সুপারিশ অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫.০৩.২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৫৯.১৫.০০১.১৭-৯২ নং স্মারকে সম্মতি; অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২৮.০৭.২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৪৫.০০৩.১৮-১৫৯ নং স্মারকের সম্মতি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২২.১২.২০১৯ তারিখে অনুষ্ঠিত ১৯তম সভার সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৪। বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ অন্তর্ভুক্তির পর পদগুলো অস্থায়ী হিসেবে চিহ্নিত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৫। উল্লিখিত কর্মচারীদের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড হতে মিটানো হবে।

রোকেয়া বেগম

উপসচিব

ফোনঃ ৯৫৪৫১৩৪।

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০২৯.১৮

তারিখঃ ০৬.২০২০ খ্রিঃ

অনুলিপি ০৪ (চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্ম সচিব, ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর নিকট প্রেরণ করা হলো। এর ১(এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ১(এক) কপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

রোকেয়া বেগম

উপসচিব

নং-

তারিখ:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

যুগ্মসচিব

ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখঃ ০৬.০৬.২০২০ খ্রিঃ

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০২৯.১৮ - ২৪৭ (২/৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩। যুগ্মসচিব (বাজেট/এইচআর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৫। পরিচালক, শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।

৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পদ সৃজনের আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

Rounga  
রোকেয়া বেগম  
উপসচিব